

Factory Code of Conduct

(কারখানার আচরণ বীধি)

রাইদা কালেকশনস লিমিটেড একটি ১০০% রঞ্জানীমুখী সুয়েটার উৎপাদন কারী প্রতিষ্ঠান। আমরা বিশ্বাস করি আমরা এই ব্যবসায় সফলতা লাভ করেছি। এর কারণ সমাজের প্রতি আমাদের দায়িত্ব কর্তব্য জ্ঞান, যাহা অমরা পালন করে থাকি। আমাদের সফলতাকে ধরে রাখার জন্য আমরা বিনিয়োগ করেছি উন্নত প্রযুক্তিতে, যাহার ফলে কর্মীরা অর্জন করেছে উন্নত শিক্ষা ও তথ্য প্রযুক্তি এবং এর ফলশ্রুতিতে আমরা জাতীয় এবং আন্তর্জাতিক নীতি মেনে চলতে পারছি। তাই আমরা আমাদের ক্ষেত্রাদের সুলভ মূল্য উন্নত মানের উৎপাদিত পন্য সরবরাহ করতে পেরেছি। আমরা বিশ্বাস করি মানবাধিকরের সার্বজনীন বিষয় সমূহ সকল পরিস্থিতিতে গ্রহণ যোগ্য। আমাদের দৈনন্দিন সিদ্ধান্ত সমূহে এবং সামগ্রিক আচরনে এই লক্ষ্যকে কাজে লাগাইতে চেষ্টা করি। আদর্শের যে কোন লংঘন যদি আমাদের নিকট প্রকাশ পায় তবে এর বিরুদ্ধে আমাদের কর্মসূমার মধ্যে শান্তি মূলক ব্যবস্থা নেওয়ার অধিকার রাখি। জাতীয় আইনের কোন বিধান অত্র নীতিমালার চাইতে অধিকতর কার্যকরী হলে সেক্ষেত্রে জাতীয় আইন প্রযোজ্য হবে। রাইদা কালেকশনস লিমিটেড নুন্যতম আদেশের বাহিরে ও শ্রমিকদের জন্য কিছু করার চেষ্টা করে। আমরা জাতীয় ও আন্তর্জাতিক আইনের প্রতি শ্রদ্ধা রেখে আমাদের আচরণ বিধি নিম্নে দেখানো হলো :-

১। কর্ম পরিবেশ (Working Condition)

ফ্যাট্রীর সকল শ্রমিক কর্মচারীদের শ্রদ্ধা ও অত্ম সম্মানের সহিত মূল্যায়ন করা হয়। যে কোন ধরনের শারীরিক, মানবিক, যৌনতাপূর্ণ অথবা মৌখিক অসদাচরণ সম্পূর্ণ নিষিদ্ধ। এক্ষেত্রে জাতীয় আইন অথবা আন্তর্জাতিক ভাবে স্বীকৃত মানবিক আইন প্রযোজ্য।

২। কর্ম ঘন্টা (Working Hours)

ফ্যাট্রীর শ্রমিক কর্মচারীদের কর্মঘন্টা স্থানীয় আইনের সহিত সামনঙ্গস্য রেখে নির্ধারণ করা হয়েছে। কোন অবস্থাতেই একজন শ্রমিক সপ্তাহে ৪৮ (আটচল্লিশ) ঘন্টার বেশী কাজ করবেন। অতিরিক্ত কর্মঘন্টা সপ্তাহে ১২ (বার) ঘন্টার বেশী হইবে না এবং অতিরিক্ত কর্ম ঘন্টার সকল সুবিধা স্থানীয় শ্রম আইন অনুযায়ী প্রদান করা হয়। সকল শ্রমিক কর্মচারীদের ক্রমাগত ৬ (ছয়) দিন কর্ম দিবসের পর একদিন (২৪ ঘন্টা) ছুটি / বিশ্রাম দেওয়া হয়।

৩। মজুরী ও ভাতা সুবিধা (Wages and Benefits)

প্রত্যেক শ্রমিক কর্মচারীদের একমাস কর্ম সম্পূর্ণ করার পর কোম্পানী কর্ম শেষ হওয়ার ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে মজুরী ও ভাতা প্রদান করে থাকে । মজুরী ও ভাতা কর্ম দিবসের মধ্যে প্রদান করে । অতিরিক্ত কাজের ভাতা মূল বেতনের দ্বিগুণ হারে প্রদান করে থাকে ।

৪। নিয়োগ দান (Recruitment)

ফ্যাট্টরীতে শ্রমিক কর্মচারী নিয়ম মাফিক লিখিত নিয়োগপত্র বা চুক্তির ভিত্তিতে হয় । উক্ত নিয়োগ পত্রে মজুরী প্রদানের সময়, ভাতা সুবিধাদি, ছুটি সমূহ এবং চাকুরীর শর্তাবলী বিস্তারিত ভাবে লিপিবদ্ধ আছে ।

৫। কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তা (Health and Safety)

আমাদের ফ্যাট্টরীর কর্মক্ষেত্র এমন যা শ্রমিক কর্মচারীদের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য ভূমিকা নয় । পেশাগত স্বাস্থ্য ঝুঁকি এবং নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার জন্য এমন ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যাতে কর্মক্ষেত্রে দূর্ঘটনার ঝুঁকি হ্রাস পায় । স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য শ্রমিক কর্মচারীদের Health and Safety training এর ব্যবস্থা করা হয়েছে ।

৬। বল প্রয়োগ পূর্বক শ্রম (Forced Labor)

আমাদের কোম্পানী বলপ্রয়োগ পূর্বক শ্রমে বিশ্বাসী নয় । প্রতিষ্ঠানের সকল শ্রমিক কর্মচারী স্বইচ্ছায় তাহার উপর অর্পিত দায়িত্ব পালন করে থাকে । আমাদের কোম্পানী যে কোন ধরনের বলপূর্বক শ্রম, দাসত্ব শ্রম গ্রহণ করে না বা বন্দি শ্রমিককে কর্মে নিয়োজিত করেনা ।

৭। শিশু শ্রম (Child Labor)

এই এল ও, জাতিসংঘ কনভেনশন বা জাতীয় আইন দ্বারা শিশু শ্রম সম্পূর্ণ রূপে নিষিদ্ধ । বাধ্যতা মূলক স্কুল শিক্ষা শেষ করে নাই অথবা ১৪ (চৌদ্দ) বছর হয়, এইরূপ কোন শিশুকে কর্মে নিয়োজিত করা হয় না । “শিক্ষাই জাতীয় মেরুদণ্ড” এই শ্লোগান কে সামনে রেখে আমরা কোন শিশু শ্রমিক নিয়োগে উৎসাহিত করি না বা নিয়োগ করিনা ।

কিশোর শ্রমিককে কর্মে নিয়োজিত করতে হলে । কিশোর শ্রমিকের আইনগত সুবিধাদি এবং যে সব বিধি নিষেধ আছে তা মেনে নিয়োগ করতে হবে ।

৮। বৈষম্য মূলক আচরন (Diserimination)

রাষ্ট্রীয় কালেকশনস লিমিটেড সকল শ্রমিক কর্মচারীদের সমভাবে মূল্যায়ন করে। লিঙ্গ, ধর্ম, বয়স, বর্ণ, গোত্র, সামাজিক অবস্থান, জাতীয়তা, শ্রমিক সংঘের প্রতিনিধিত্ব, শারীরিক অক্ষমতা, রাজনৈতিক পরিচিতি, অথবা অন্য কোন ব্যক্তিগত চরিত্র এক্ষেত্রে বিবেচ্য না করে সকলকে সমান ভাবে মূল্যায়ন করে।

৯। হয়রানী ও গালিগালাজ (Harassment and Abuse)

রাষ্ট্রীয় কালেকশনস লিমিটেড সব সময় হয়রানী মূলক আচরনের ব্যাপারে সচেতন থাকে। প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের প্রতি যে কোন ধরনের হয়রানী মূলক কর্মকান্ড সম্পূর্ণ রূপে নিষিদ্ধ। প্রতিটি শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের সাথে সম্মানের সাথে আচরণ করতে হবে। যে কোন ধরনের শারীরিক নির্যাতন, গালিগালাজ ও হৃষ্কি, মানবিক নির্যাতন, খারাপ ব্যবহার, যৌন হয়রানী মূলক আচরণ, মৌলিক অধিকারের উপর হস্তক্ষেপ করা এবং চলাচলের উপর বিধি নিষেধ কোন ভাবেই গ্রহণ যোগ্য নয়।

১০। বাক স্বাধীনতা (Freedom of Association)

রাষ্ট্রীয় কালেকশনস লিমিটেড শ্রম আইনের প্রতি শুন্দা রেখে শ্রমিক সংঘ করার, সংঘে যোগদান এবং ইউনিয়ন করার স্বাধীনতা এবং এর মাধ্যমে যৌথ দরকশাকৰ্ষির স্বাধীনতা সকল শ্রমিকের অধিকার বলে গ্রহণ করেছে। লিজ ফ্যাশন সংস্থাভুক্ত হওয়ার স্বাধীনতা কে সম্মতিজ্ঞাপন ও দরকশাকৰ্ষির মাধ্যমে শ্রমিকদের অধিকার আদায়ে সম্মান করে। কারখানা বিশ্বাস করে সমরোতার মাধ্যমে মালিক ও শ্রমিকের মধ্যে আন্তরিকতা বৃদ্ধি এবং ইহা উৎপাদন বৃদ্ধিতে ও সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক।